সীমিত

**জরুরী**

সেনাসদর
কিউএমজি শাখা
এমএন্ডকিউ পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

দুরালাপনী-৮৭১১১১১ বর্ধিত-২৬৪৮
ওয়েব মেইলঃ mqdte@army.mil.bd

২২ অগ্রহায়ণ ১৪৩১
৩৯১৭/২/বিবিধ/এমকিউ-২ ২৭ নভেম্বর ২০২৪

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৪র্থ অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের নিমিত্তে মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রমে নিয়োজিত শুমারিকর্মীগণকে সহযোগিতা প্রদান প্রসংগে**

বরাতঃ
ক। মোঃ মাহবুব হোসেন, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় আধা-সরকারি পত্র নম্বর ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪.৪৬৭ তারিখ ১৩ নভেম্বর ২০২৪ (ফটোকপি সংযুক্ত)।
খ। সেনাবাহিনী প্রধানের সচিবালয় এল এম নং ১০০৫/১/সিএএস তারিখ ২১ নভেম্বর ২০২৪ (সকলকে নয়)।

১। বরাত খ এর মাধ্যমে প্রাপ্ত বরাত ক এর ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত পত্রের আলোকে বিষয়োক্ত ব্যাপারে তথ্য সংগ্রহের নিমিত্তে সংশ্লিষ্ট শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে যথাযথ নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

২। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ মঈনুদ্দীন হোসেন
মেজর
পক্ষে কিউএমজি

সংযুক্তঃ
১। বরাত ক এর ফটোকপি - ০১ (এক) কপি।

বিতরণঃ
বহির্গমনঃ
কার্যক্রমঃ

এরিয়া সদর দপ্তর বরিশাল
এরিয়া সদর দপ্তর সাভার
এরিয়া সদর দপ্তর কক্সবাজার
এরিয়া সদর দপ্তর বগুড়া
এরিয়া সদর দপ্তর সিলেট
এরিয়া সদর দপ্তর ঘাটাইল
এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম
এরিয়া সদর দপ্তর কুমিল্লা
এরিয়া সদর দপ্তর যশোর
এরিয়া সদর দপ্তর রংপুর
সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর

অবগতিঃ

সদর দপ্তর ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড

অভ্যন্তরীণঃ
সেনাবাহিনী প্রধানের সচিবালয়
জিএস শাখা (সমন্বয়)
কিউএমজি'র শাখা (সমন্বয়)
এজি'র শাখা (সমন্বয়)
এমআই পরিদপ্তর
পিএ পরিদপ্তর
এমপি পরিদপ্তর

- আর্মি ওয়েব মেইলের মাধ্যমে।

সীমিত

E:\MNQ E\Land-2\Misc-1 Corres ltr.doc

মোঃ মাহবুব হোসেন
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ফোনঃ ৫৫০০৭৩৭৩
মোবাইলঃ ০১৩০৯০১১৩৩৩
ই-মেইলঃ secy@sid.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৬৭

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আস্সালামু আলাইকুম,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দু'টি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। ৪র্থ অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। শুমারির গণনা এলাকার ম্যাপ প্রস্তুতের পাশাপাশি ইতোমধ্যে দেশের ১ কোটি ২২ লক্ষের অধিক অর্থনৈতিক ইউনিট তালিকাভুক্ত করা হয়েছে। সারাদেশে প্রায় ৯৫,০০০ তথ্যসংগ্রহকারী, ১৯,০০০ সুপারভাইজার, ২,৬০০ আইটি সুপারভাইজার এবং ২,৬০০ জোনাল অফিসার প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অস্থায়ীভাবে এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। মাঠ পর্যায়ে এ কার্যক্রম বাস্তবায়নে আপনার আওতাধীন ক্যান্টনমেন্টসমূহ, সংরক্ষিত এলাকাসহ অন্যান্য সকল সংস্থায় এ কাজে নিয়োজিত কর্মীগণকে প্রবেশের অনুমতিসহ আইন-শৃঙ্খলা বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা ও নির্দেশনা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত পরিচালিতব্য ৪র্থ অর্থনৈতিক শুমারির কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদন এবং বাংলাদেশ সেনাবাহিনীসহ এর অধীন দেশের সকল ক্যান্টনমেন্ট (সংরক্ষিত এলাকাসহ), প্রশিক্ষণ প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, ক্যাম্প, সেনাকল্যাণ সংস্থাসহ সকল অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানা ও প্রতিষ্ঠানে এ কাজে নিয়োজিত কর্মীগণকে প্রবেশের অনুমতি এবং এ সংক্রান্ত তথ্য দিতে সংশ্লিষ্টগণকে নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শ্রদ্ধান্তে

আন্তরিকভাবে আপনার

মোঃ মাহবুব হোসেন

জেনারেল ওয়াকার-উজ-জামান, *ওএসপি, এসজিপি, পিএসসি*
সেনাপ্রধান
বাংলাদেশ সেনাবাহিনী
সেনা সদর দপ্তর, ক্যান্টনমেন্ট, ঢাকা।